



291027 - যবে নারী নরীদর্ষট কোন সময়ে কোন একটী কাজ করার শপথ করেছে কনিতু কাজটী করনে তার উপর কী আবশ্যক?

প্রশ্ন

আমি গত রমযান মাসে রোযা অবস্থায় উমরা করার শপথ করেছে। কনিতু আমার তাকদীরে উমরা করা ছলি না। এমতাবস্থায় আমাকে কী তনিনদিন রোযা রাখতে হবে; নাকি নয়?

প্রিয় উত্তর

আলহামদু ললিলাহ।

যদি আপনি রমযান মাসে উমরা পালন করার শপথ করে থাকেন, এরপর রমযান মাস পার হয়ে যায় কনিতু আপনি উমরা না করেন তাহলে আপনি শপথ ভঙ্গ করলেন এবং আপনার উপর কাফফারা অনবিরয় হবে।

ইবনে কুদামা (রহঃ) বলেন: "যদি কোন কাজ করার শপথ হয় এবং কাজটী না করে; আর উক্ত শপথটী কথা, নয়িত কথিবা অবস্থার ইঙ্গতিরে ভিত্তিতে নরীদর্ষট সময়কনেদ্রকি হয় এবং উক্ত সময়টী পার হয়ে যায় তাহলে সে ব্যক্তি শপথ ভঙ্গ করল এবং সে কাফফারা পরশোধ করবে।"[আল-মুগনা (৯/৪৯৪)]

কাফফারা ছাড়া অন্য কিছু আপনার উপর বর্তাবে না।

কাফফারা হচ্ছ: একজন গোলাম আযাদ করা, কথিবা দশজন মসিকীনকে খাদ্য খাওয়ানো কথিবা তাদরেকে বস্ত্র দান করা। যবে ব্যক্তি উল্লেখিত কোনটী করতে সক্ষম হবে না সে তনিনদিন রোযা রাখবে। আল্লাহ তাআলা বলেন: "তোমাদের অনর্থক শপথরে জন্য আল্লাহ তোমাদেরকে পাকড়াও করবনে না, কনিতু, যসেব শপথ তোমরা ইচ্ছ করে কর সগেলোর জন্য তনিন তোমাদেরকে পাকড়াও করবনে। তারপর এর কাফফারা দশজন দরদীরকে মধ্যম ধরনরে খাদ্য দান, যা তোমরা তোমাদের পরজিনদেরকে খেতে দাও, বা তাদরেকে বস্ত্রদান, কথিবা একজন দাস মুক্তি। অতঃপর যার সামর্থ্য নহে তার জন্য তনিন দিন সিয়াম পালন। তোমরা শপথ করলে এটীই তোমাদের শপথরে কাফফারা। আর তোমরা তোমাদের শপথ রক্ষা করো। এভাবে আল্লাহ তোমাদের জন্য তাঁর আযাতসমূহ বর্ণনা করেন, যাতে তোমরা শোকর আদায় কর"।[সূরা মায়দি, আযাত: ৮৯]

আরও জানতে দেখুন: [45676](#) নং প্রশ্নোত্তর।



আল্লাহই সর্বজ্ঞ।